ISO 9001:2015
Cirtified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০১.০০৮.২৫. ২২৬১

তারিখ ০৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**"পুনঃ নিলাম দরপত্র "**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ২০২২-২৩ অর্থ বছরের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেমঘোষিত লৌহ জাতীয় মালামাল **"যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়"** বিক্রয়ের লক্ষ্যে নির্ধারিত সিডিউল অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র সিডিউল মূল্য (টাকা) (অফেরত যোগ্য) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ | খোলা |
| ০৫/২০২৪-২৫ | লৌহ জাতীয় মালামাল | ২১,১৯২.২৭ কেজি | ১,০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | ২০/০৪/২০২৫ খ্রিঃ (রবিবার) হতে ২৯/০৪/২০২৫ খ্রিঃ (মঙ্গলবার) পর্যন্ত | ৩০/০৪/২০২৫ খ্রিঃ (বুধবার) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত | ৩০/০৪/২০২৫ খ্রিঃ (বুধবার) দুপুর ১২:৩০ ঘটিকায় |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ সদর দপ্তর, চান্দিনা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ "কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১" এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে উপরে বর্ণিত ছকে ৪নং কলামে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র সিডিউলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ কুমিল্লা পবিস-১ এর জেনারেল ম্যানেজার বরাবরে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হইতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র সিডিউল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র উপরে বর্ণিত নির্ধারিত তারিখে অর্থাৎ ৩০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে।

০৪। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। দরদাতা কর্তৃক দাখিলকৃত মোট উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (ফেরতযোগ্য) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সংঙ্গে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহনযোগ্য হবে না।

০৬। নিলাম দরপত্রের খামের উপর স্পটাক্ষরে সমিতির নামসহ লৌহ জাতীয় মালামাল নিলামে বিক্রয়ের পুনঃ দরপত্র কথাটি লিখতে হবে।

০৭। বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যদিবস সমূহে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয়, তবে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ আগামী ২৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন (সরকারী ছুটির দিন ব্যতিত) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

০৯। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ নিলাম দরদাতার আর্নেষ্টমানি নগদায়ন করা হবে। অতঃপর ১ম সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% মূল্য সহ উদ্ধৃত মোট মূল্যের উপর সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে কর বাবদ সমুদয় অর্থ নগদ অথবা কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও আয়কর বাবদ নির্ধারিত অর্থ পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে বিক্রয়াদেশে বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় লৌহ জাতীয় মালামাল কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1
ISO 9001:2015 Cirtified
সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd



১০। সর্বোচ্চ নিলাম দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে। নির্ধারিত সবনিম্ন মূল্যের নীচে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১২। বিক্রয়াদেশ প্রদানের পর সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট ও আয়করসহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্টমানি বাজেয়াপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১৩। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে।

১৪। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে এমন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে বাপবিবো/ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.comilla.gov.bd ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট http://www.reb.gov.bd এবং CPTU এর ওয়েব সাইট https://cptu.gov.bd এ পাওয়া যাবে।

২৭/০৪/২৫

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

*অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )*

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্য পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(নির্ধারিত তারিখে দরপত্র সিডিউল বিক্রয়, দরপৎর গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিকস পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ( দরপত্র গ্রহণ ও উন্মুক্তকালে নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৪। জেলা প্রশাসক, কুমিল্লা।

০৫। পুলিশ সুপার, কুমিল্লা।

০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।

০৭। মেয়র, সিটি কর্পোরেশন, কুমিল্লা।

০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------- ,পবিস-১/২/৩/৪।

০৯। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা (উঃ), বাপবিবো, কুমিল্লা।

১০। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুমিল্লা।

১১। উপজেলা নির্বাহী অফিসার, .......................................কুমিল্লা।

(০৫–১১: নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

১২। ডিজিএম, কোম্পানীগঞ্জ/ বরুড়া/দেবিদ্বার/ বাঙ্গরা জোনাল অফিস/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।

১৩। এজিএম(ওএন্ডএম), নবাবপুর/পয়ালগাছা/মুরাদনগর/রামমোহন/কুটুম্বপুর সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।

১৪। সহকারী প্রকৌশলী, কুমিল্লা(উঃ), বাপবিবো, চান্দিনা।

১৫। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-১ ( ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।)

১৬। এজিএম(ওএন্ডএম/অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-১।

১৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।

১৮। অফিস কপি/মাস্টার কপি।

২৭/০৪/২৫

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

E:\E-File\Admin\Condemnation\01.008.(Condemnation & Nilam).doc